OBSERVE

পর্যবেক্ষণ

CENTER FOR
THE LIVING CITY

OBSERVE

পর্যবেক্ষণ

CENTER FOR
THE LIVING CITY

OBSERVE

পর্যবেক্ষণ


CENTER FOR
THE LIVING CITY

OBSERVE

পর্যবেক্ষণ

CENTER FOR
THE LIVING CITY

## তুমি হচ্ছো



একজন পঁচাত্তর বছর বয়সী নাগরিক

তুমি তোমার বন্ধুদের সাথে সন্ধ্যায় হাঁটার জন্য বাইরে যেতে চাও। গত কয়েক বছরে অতিরিক্ত যানবাহনের কারণে রাস্তায় হাঁটতে খুব অসুবিধা হয়। তাই এখন তুমি আশপাশের বেঞ্চে বসে বন্ধুদের সাথে জীবনের নানা বিষয় নিয়ে গল্পগুজব করতে পছন্দ করো।

## তুমি হচ্ছো



বিশ বছরের কলেজ পড়ুয়া মেয়ে

তুমি খুব প্রানোজ্জ্বল হাস্যরসাত্মক মনের মানুষ। তুমি বন্ধুদের সাথে বিভিন্ন দোকানে জিনিসপত্র কিনতে, ঘোরাফেরা করতে এবং রেস্টুরেন্টে খাওয়া দাওয়া করতে খুব ভালোবাসো। তুমি সকালে বাসে চড়ে কলেজে যাও আর সন্ধ্যার দিকে বাসায় ফিরে আসো। এভাবে সাধারণত তুমি সন্ধ্যায় এলাকার আশেপাশে, দোকানে, রাস্তাঘাটে সময় কাটাও।

## তুমি হচ্ছো



দশ বছরের স্কুলের ছাত্র

তুমি সম্প্রতি এই এলাকায় এসেছো। এলাকার এবং স্কুলের বাচ্চাদের সাথে তুমি বন্ধুত্ব করতে খুব আগ্রহী। তুমি পাড়ার রাস্তায় ক্রিকেট খেলতে পছন্দ করো। তুমি বাস স্ট্যান্ডে হেঁটে যাও এবং তারপর ভ্যানে করে স্কুলে যাও।

## তুমি হচ্ছো



একজন আশি বছরের বৃদ্ধা

তুমি খুব ধর্মপ্রাণ ব্যক্তি যে সাধারণ সম্প্রদায়ের সেবায় নিজেকে নিয়োজিত করতে পছন্দ করো। তুমি তোমার নাতি-নাতনিদের নিয়ে খেলার মাঠে যাও, বাচ্চারা দোলনায় দোলে, বল নিয়ে খেলাধুলা করে। তুমি আনন্দ নিয়ে ওদের খেলা দেখো। সপ্তাহে একদিন তুমি সবজি কেনাকাটা করতে এলাকার বাজারে যাও। এটা ও তোমার অন্যতম একটি সময় কাটানোর কাজ।


## তুমি হচ্ছো



তিরিশ বছরের একজন চাকুরিজীবী

তুমি একটি মাল্টি ন্যাশনাল কোম্পানীতে কাজ করো। তোমার ওপর অনেক দায়িত্ব, তোমাকে প্রচুর পরিশ্রম করতে হয়। তুমি পরিবেশ সচেতন একজন মানুষ। তাই তুমি তোমার দৈনন্দিন জীবনের বর্জ্য উৎপাদন হ্রাস করতে চেষ্টা করো, যেমন তুমি বাজার করার জন্যে পলিথিন ব্যবহার কমিয়ে দিয়েছো। তুমিও বেশির ভাগ চাকুরিজীবী মানুষের মতো পাবলিক বাস ব্যবহার করে অফিসে যাও এবং বাড়ি থেকে অফিস যেতে তোমার প্রায় দেড় ঘন্টা সময় লাগে।


## তুমি হচ্ছো



এলাকার একটি গরু

তুমি অনেক বছর ধরে এই এলাকায় বসবাস করছো এবং তোমার পুরাতন দিনগুলোতে কথা খুব মনে পরে। এর আগে তুমি অনেক পুষ্টিতে পরিপূর্ণ ঘাস খেতে পারতে, এখন তোমাকে রাসায়নিক পদার্থে পূর্ণ ঘাস, মাটিতে পরে থাকা পাস্টিক আর কাগজের পোস্টার খেয়ে বেঁচে থাকতে হয়।

## তুমি হচ্ছো



এলাকার একটি পোষা কুকুর

জন্মের পর থেকেই তুমি এখানে বসবাস করছো। সমস্ত প্রতিবেশীরা তোমার পরিচিত এবং তুমি তাদের খুব পছন্দ করো। এলাকার মধ্যে কোনো সন্দেহজনক মানুষ প্রবেশ করলে তুমি বুঝতে পারো,আর তখন তুমি প্রতিবেশীদের সতর্ক করে দেও। স্কুলের বাচ্চাদের সাথে তোমার সেরা বন্ধুত্ব। বাচ্চারা তোমাকে প্রতিদিন বিস্কুট এবং দুধ খেতে দেয়।


## তুমি হচ্ছো



একজন রাস্তা পরিষ্কারক

সরকার তোমাকে একটি এলাকা এবং তার আশেপাশের রাস্তা পরিষ্কার করার জন্যে নিযুক্ত করেছে। তুমি তোমার এলাকার জায়গাগুলি পরিষ্কার করতে পছন্দ করো  এবং আপনি বারবার রাস্তায় আবর্জনা নিক্ষেপ না করার জন্য এলাকার অধিবাসীদের অনুরোধ করো, কারণ এটি প্রত্যেকের স্বাস্থ্যের জন্যই ক্ষতিকারক।


## তুমি হচ্ছো



একজন পঁচিশ বছরের খুচরা বিক্রেতা

তুমি প্রতিদিন সকাল দশটা থেকে বিকাল চারটা পর্যন্ত এলাকার একটি রাস্তার পাশে তোমার ফলের দোকানটিতে বসো। এলাকার বাসিন্দারা তোমার বেশ পরিচিত হয়ে গেছে এবং তারা তোমার প্রায় নিত্যদিনের ক্রেতা। তবু তুমি সবসময় আরো ক্রেতাদের দৃষ্টি আকর্ষণ করতে আগ্রহী।


## তুমি হচ্ছো



এলাকার একজন সিএনজি চালক

তুমি সবসময় এই এলাকার সিএনজি স্ট্যান্ডে সিএনজি নিয়ে দাঁড়াও। বেশির ভাগ ক্ষেত্রে তুমি সকালবেলা আর সন্ধ্যা বেলার দিকে যাত্রী পাও। তোমার ইচ্ছে হয়, দুপুরের দিকে যদি একটু আশেপাশে কোনো জায়গায় বিশ্রাম নিতে পারতে! যেহেতু সে সময় যাত্রী কম পাওয়া যায়।

## তুমি হচ্ছো



দশ বছরের হুইলচেয়ার ব্যবহারকারি একজন মেয়ে

তুমি বাম পায়ের মধ্যে কিছু অসুবিধা নিয়ে জন্মগ্রহণ করেছো এবং তোমাকে হাঁটা চলার জন্যে হুইলচেয়ার ব্যবহার করতে হয়। তোমার এলাকার রাস্তা হুইলচেয়ার নিয়ে চলাফেরার জন্যে বন্ধুত্বপূর্ণ নয়। এই কারণে তোমাকে বেশির ভাগ সময় বাড়ির মধ্যেই থাকতে হয় এবং তোমার পড়াশুনার ব্যবস্থাও তাই বাসাতেই করা হয়েছে।

## তুমি হচ্ছো



ছাব্বিশ বছরের একজন কর্মজীবি নারী

তুমি তোমার শহরে একটি বড় কোম্পানীর ম্যানেজার। তুমি সাধারণত বিকালের দিকে অফিসে কাজ করতে যাও এবং রাতে দেরী করে বাড়িতে ফিরে আসো। তুমি রাতে বাড়ি ফেরার সময় নিজের নিরাপত্তা নিয়ে বেশ চিন্তিত থাকো। তুমি বিশ্বাস করো যে সবসময় সুস্থ সাস্থ্য বজায় রাখা স্বাভাবিক জীবনযাত্রার এক গুরুত্বপূর্ণ অংশ। তাই তুমি প্রতিদিন সকালে হাঁটতে বের হও।

## তুমি হচ্ছো



আট বছরের স্কুল ছাত্রী

তুমি এলাকার একটি প্রাইমারি স্কুলে পড়ো, সকালে থেকে বিকাল পর্যন্ত তোমার ক্লাস থাকে। স্কুল শেষে সন্ধ্যার দিকে তুমি পাড়ার রাস্তায় সাইকেল চালাতে খুব ভালোবাসো। তবে তোমার মা সবসময় তোমার সাথে থাকে, কারণ আমাদের রাস্তার আশেপাশের পরিবেশ নিরাপদ না। তোমার মনে হয়, যদি বাইসাইকেলগুলির জন্য একটি পৃথক রাস্তার লেন থাকতো, যেখানে তুমি নিরাপদে সাইকেল চালাতে পারতে, তাহলে খুব ভালো হতো।


## তুমি হচ্ছো



পঁয়ত্রিশ বছরের একজন সড়ক শিল্পী

তুমি বিভিন্ন সড়কের পাশে তোমার বিভিন্ন ক্রীড়া, নাটক ও সংগীত প্রতিভা প্রদর্শন করতে ভালোবাসো। ক্রীড়ানৈপুণ্যের মাধ্যমে অনেক গুরুতর বিষয় তুমি হাস্যরসাত্মক ভাবে উপস্থাপন করো, এসব জনগনের দৃশ্য আকর্ষণ করে এবং সবাই তোমার প্রদর্শণী খুব উপভোগ করে। সড়কের খোলা জায়গা ছাড়া এই ধরণের প্রদর্শণী দেখানোর সুযোগ তুমি আর কোথাও খুঁজে পাও নি।

## তুমি হচ্ছো



চল্লিশ বছরের সবজি বিক্রেতা

তুমি খুব পরিশ্রমী খুচরো সবজি বিক্রেতা। তুমি শহরের প্রধান বড় পাইকারি বাজার থেকে সবজি কিনে এই এলাকায় বিক্রি করার জন্যে চলে আসো। তুমি তোমার ভ্যান ভর্তি সবজি নিয়ে পাড়ার রাস্তায় রাস্তায় হেঁটে বেড়াও। মানুষের ভিড়যুক্ত জায়গাগুলোই তোমার পছন্দ, কারণ সেখানে তুমি বেশি সবজি বিক্রি করতে পারো।